



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.০৬.০০১.২৩-৩৩

তারিখ: ২৮ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ, ২০২৩খ্রি.

ডিপ্লোমা পর্যায়ে শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি বিষয়ক বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের খালি আসনে আগ্রহী শিক্ষার্থীদের ভর্তি নীতিমালা-২০২২-এ উল্লেখিত নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে আগামী ১৪-১৬ মার্চ, ২০২৩খ্রি. তারিখের মধ্যে আবেদন এবং নিশ্চায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এক্ষেত্রে শিক্ষার্থীকে www.btebadmission.gov.bd তে প্রবেশ করে শিক্ষাক্রম নির্বাচনপূর্বক Apply Now এ Click করে খালি আসনে আবেদন ও নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্বের সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। শিক্ষার্থীকে নতুন করে আবেদন ও নিশ্চায়ন করতে হবে এবং ইতোমধ্যে যারা ভর্তি হয়েছে তারা এ সুযোগ পাবে না। শুধু মেরিন ইন্সটিটিউটে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের বয়স আবেদনের তারিখে সর্বোচ্চ ১৮ বছর হতে হবে এবং প্রয়োজনীয় মেডিকেল ফিটনেস থাকতে হবে, অন্যথায় আবেদন ও নিশ্চায়ন করলেও তা বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, www.btebadmission.gov.bd তে প্রবেশ করে Available Seat বাটনে ক্লিক করে প্রোগ্রাম, প্রতিষ্ঠানের জেলা ও নাম নির্বাচন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের খালি আসন প্রদর্শিত হবে।

(মোহাম্মদ আবদুল্লাহ আলি মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৫০০৬৫২২

ইমেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০০.০৬.০০১.২৩-৩৩(০৮)

তারিখ: ১৩/০৩/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকঃ)

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।